দৈনিক
ইত্তেফাক

তারিখ ১৮ JUN 2017
পৃষ্ঠা ৫ কলাম ৬

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষদের নিয়ে ঢাকায় শিক্ষা-সমাবেশ হবে

—ড. হারুন-অর-রশিদ

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯তম বার্ষিক সিনেট অধিবেশন শনিবার বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের সিনেট হলে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও সিনেটের চেয়ারম্যান প্রফেসর ড. হারুন-অর-রশিদ। প্রধান অতিথির বক্তব্য দানকালে তিনি ঘোষণা দেন, চলতি বছরে ২ হাজার ২শ' কলেজ অধ্যক্ষকে নিয়ে শিক্ষার উন্নয়ন বিষয়ে ঢাকায় শিক্ষা সমাবেশের আয়োজন করা হবে।

তিনি তার বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের সেশনজট নিরসনের ক্ষেত্রে সর্বশেষ অগ্রগতি, প্রথম সমাবর্তন অনুষ্ঠান, ৫০ বছর অগ্রবর্তী মাস্টার প্লান প্রণয়ন, এডভান্সড মাস্টার্স প্রোগ্রাম সম্প্রসারণ, একাডেমিক ভবনে 'স্বাধীনতা' ম্যুরাল স্থাপন, সিইডিপি প্রকল্পের আওতায় কলেজ শিক্ষক প্রশিক্ষণ, স্থায়ী আঞ্চলিক কেন্দ্র প্রতিষ্ঠা, মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট পুনরায় চালু, মোবাইল অ্যাপসসহ প্রযুক্তিগত সুবিধা সৃষ্টি, পাঠ্য পুস্তক রচনা প্রকল্প, ২১ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের রজতজয়ন্তী উদযাপন, ট্যুরিজম ও হসপিটালিটি বিষয়ে কক্সবাজারে শিক্ষক-শিক্ষার্থীদের ওয়ার্কসপ আয়োজনসহ বিভিন্ন বিষয় বিস্তারিত তুলে ধরেন।

সিনেটের অধিবেশনে কোষাধ্যক্ষ অধ্যাপক নোমান উর রশীদ বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের জন্য ২৮৯ কোটি ৪০ লক্ষ ২০ হাজার টাকার সংশোধিত বাজেট এবং ২০১৭-১৮ অর্থ বছরের জন্য ২৭৪ কোটি ৫২ লক্ষ ৯৬ হাজার টাকার রাজস্ব ও ১৪৮ কোটি ২৫ লক্ষ টাকার উন্নয়ন বাজেট পেশ করেন, যা সিনেট কর্তৃক গৃহীত হয়।